

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
১ম ১২ তলা সরকারি অফিস ভবন (১১ তলা)
সেগুনবাগিচা, ঢাকা।
www.bkkb.gov.bd

২০২১-২২ অর্থবছরে সম্প্রসারিত/স্কেলআপ/রেপ্লিকেশন উদ্যোগের সংখ্যা - ৫টি

নং	সেবার নাম/ বিষয়	বিবরণ	বাস্তবায়নের তারিখ
১.	সাধারণ চিকিৎসা অনুদান সহজিকরণ	সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্বশাসিত সংস্থার কর্মচারীর নিজ ও পরিবারের সদস্যদের জন্য বছরে একবার চিকিৎসা অনুদান হিসেবে সর্বোচ্চ টা. ৪০,০০০/- প্রদান করা হয়। পূর্বে কর্মচারীর নিজ এবং তাঁর পরিবারের সদস্যগণ কর্মচারীর বয়স ৬৭ বছর পর্যন্ত এ অনুদান পেতেন। বর্তমানে কর্মচারী নিজে আমৃত্যু এবং তাঁর পরিবারের সদস্যগণ কর্মচারীর বয়স ৭৫ বছর পর্যন্ত এ অনুদান প্রাপ্য হবেন।	০১/০৭/২০২১
২.	দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদান	কর্মচারী অবসরের পর তার বয়স ৭৫ বছর পূর্ণ হওয়া পর্যন্ত সময়ের মধ্যে কর্মচারীর মৃত্যু হলে বা কর্মচারীর পরিবারের সদস্যের মৃত্যুতে দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদান প্রদান করা হবে। পূর্বে কর্মচারীর বয়স ৬৭ বছর পর্যন্ত এ অনুদান পেতেন।	০১/০৭/২০২১
৩.	শিক্ষাবৃত্তি	কর্মচারী অবসরের পর তার বয়স ৭৫ বছর পূর্ণ হওয়া পর্যন্ত তার সর্বোচ্চ ২ সন্তানের ৯ম থেকে তদুর্ধ্ব শ্রেণিতে অধ্যয়নের জন্য বছরে একবার শিক্ষাবৃত্তি প্রদান করা হয়। পূর্বে কর্মচারীর বয়স ৬৭ বছর পর্যন্ত এ অনুদান পেতেন।	০১/০৭/২০২১
৪.	কল্যাণ অনুদান, যৌথবীমা ও দাফন অনুদান একীভূতকরণ সংক্রান্ত অনলাইন ব্যবস্থাপনা	কোন কর্মচারী কর্মরত/অবসরপ্রাপ্ত অবস্থায় মৃত্যুবরণ করলে তাঁর পরিবার বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড হতে কল্যাণ অনুদান, যৌথবীমার এককালীন অনুদান ও দাফন অনুদান (কর্মরত ও অবসরপ্রাপ্ত অবস্থায় মৃত্যুজনিত) পেয়ে থাকেন। বর্ণিত ৪টি সেবাকে একীভূত করে ১টি ফরমে একই কাগজপত্র দিয়ে আবেদন গ্রহণ এবং একসাথে অনুমোদন প্রদানের অনলাইন ব্যবস্থাপনা চালু করা হয়।	বিভাগীয় পর্যায়ে ১৫/১২/২০২১
৫.	পেনশন ইএফটি এর মাধ্যমে প্রেরণ	বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের পেনশন ইএফটি এর মাধ্যমে প্রেরণ করা হচ্ছে।	১০/০৪/২০২২